চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১
পটিয়া, চট্টগ্রাম

বিজ্ঞপ্তি

বিষয়: রুফটফ নেট মিটারিং (OPEX Model) সোলার স্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় রুপটপ সোলার কার্যক্রম বাস্তবায়নের গাইডলাইন অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে চট্টগ্রাম পবিস-১ কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠানে সোলার সিস্টেম স্থাপনের সুযোগ রয়েছে।

শর্তাবলী:

- **মেয়াদ ও মেয়াদ শেষে করণীয়ঃ** রুফটফ নেট মিটারিং স্থাপন চুক্তি সমঝেতার ভিত্তিতে নির্দিষ্ট তারিখ থেকে শুরু ও কার্যকর হবে এবং চট্টগ্রাম পবিস-১ এবং নির্বাচিত প্রতিষ্ঠানের সম্মতিতে চুক্তি বাতিল না হলে এটি ২০ বছরের জন্য পূর্ণ বলবৎ থাকবে এবং ভবনের কাঠামো ভেঙ্গে ফেলা, স্থান পরিষ্কার করা এবং চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কাছে ছাদ হস্তান্তর করতে চুক্তি মোতবেক সময় পাবে।
- **স্থাপন জায়গাঃ** প্রতিষ্ঠান এর কোন ব্যয় ব্যতিত তাদের ভবনের ছাদে উলম্বভাবে সম্প্রসারণযোগ্য নয় এমন ব্যবহারযোগ্য ছাদের জায়গা চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে নির্দিষ্ট কিঃওঃ সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের জন্য নির্বাচিত প্রতিষ্ঠান প্রদান করবে। চট্টগ্রাম পবিস-১ সোলার সিস্টেম স্থাপন করবে এবং নির্বাচিত প্রতিষ্ঠান কর্তৃক প্রতিষ্ঠানে আংশিক কোন সোলার সিস্টেম স্থাপন করা যাবে না।
- **নকশাঃ** চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ যথাযথ বিধান অনুযায়ী সৌর বিদ্যুৎ উৎপাদনের জন্য নক্সা প্রণয়ন, দরপত্র আহবান, অর্থায়ন, নির্মাণ, স্থাপন, পরীক্ষা, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ করবে।
- **স্থাপনা সংক্রান্তঃ** চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং নির্বাচিত প্রতিষ্ঠান যৌথ আলোচনা ব্যতিত নির্বাচিত প্রতিষ্ঠান ছাদের কোন অংশ নতুন করে নির্মাণ, সংস্কার, সম্প্রসারণ করতে পারবে না।
- **বিদ্যুৎ ক্রয় দর, ব্যবহার ও বিলিং:** সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ নির্বাচিত প্রতিষ্ঠান ব্যবহার করবেন যার ক্রয়মূল্য বিইআরসি কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ট্যারিফ অপেক্ষা ১০% কম হবে।প্রতিষ্ঠানের ব্যবহারের পর অতিরিক্ত বিদ্যুৎ নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা-২০২৫/নেট মিটারিং নির্দেশিকা-২০২৫ অনুযায়ী গ্রীড লাইনের মাধ্যমে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন অন্যান্য গ্রাহককে প্রদান করা হবে যাতে নির্বাচিত প্রতিষ্ঠানের কোন অংশীদারিত্ব থাকবে না।
- **সহযোগিতাঃ** সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনে নির্বাচিত প্রতিষ্ঠান পূর্ণ সহযোগিতা প্রদান করবে এবং চুক্তির মেয়ার শেষ হওয়ার পূর্ব পর্যন্ত চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মনোনীত কর্মী পরিচালন/ রক্ষণাবেক্ষণ/ পরিদর্শনের জন্য কোন বাধা ছাড়াই সব সময় সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে গমন করতে পারবে।
- **স্থাপিত সোলার প্যানেলের নিরাপত্তাঃ** নির্বাচিত প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করবে। প্রাকৃতিক কারণ ছাড়া সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের কোন যন্ত্রাংশ চুরি/ কারো হস্তক্ষেপে নষ্ট হলে প্রতিষ্ঠানকে তার ব্যয়ভার প্রদান করতে হবে।
- **নেট মিটার স্থাপন ও রিডিং গ্রহণঃ** সৌর শক্তি হতে উৎপাদিত বিদ্যুৎ পরিমাপের জন্য প্রথম পক্ষ একটি Solar Accounting meter এবং Bidirectional Energy meter স্থাপন করবে যা মাস শেষে উভয় পক্ষের প্রতিনিধির উপস্থিতিতে রিডিং গ্রহণ করা হবে এবং রিডিং সংরক্ষণের জন্য একটি রেজিস্টার থাকবে যাতে উভয় পক্ষের মনোনীত প্রতিনিধির স্বাক্ষর থাকবে।
- **গোপনীয়তাঃ** উপয় পক্ষ বাণিজ্যিক ও কারিগরী তথ্য গোপন রাখবে এবং আইনগত প্রয়োজন ব্যতিত তৃতীয় কোন পক্ষের নিকট চুক্তির শর্তসমূহ প্রকাশ করা যাবে না।
- **রক্ষণাবেক্ষণঃ** চুক্তির মেয়াদ শেষ হওয়ার আগ পর্যন্ত চট্টগ্রাম পবিস-১ সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সকল রক্ষণাবেক্ষণ করবে।
- **রেকর্ডসমূহঃ** সকল পক্ষ সম্পূর্ণ এবং শুদ্ধ রেকর্ড এবং অন্যান্য সকল ডাটা সংরক্ষণ করবে, যা সকল পক্ষ কর্তৃক চুক্তির সঠিক বাস্তবায়নের জন্য এবং রুফটপ নেট মিটারিং সোলার পিভি সিস্টেম চালানোর জন্য প্রয়োজন হবে।
- **প্রতিষ্ঠান বিক্রি/ হস্তান্তর হলে করণীয়ঃ** ভবিষ্যতে নির্বাচিত প্রতিষ্ঠান কোন কারণে বিক্রি হলে/ মালিকানা পরিবর্তন হলেও চুক্তি ২০ বছর পর্যন্ত বলবৎ থাকবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান বিক্রি/ মালিকানার পরিবর্তন হলে সকল শর্ত অক্ষুণ্ন রেখে প্রথম পক্ষের সাথে নতুন মালিকের চুক্তি সম্পাদন করতে হবে।
- **মেয়াদ শেষে করণীয়ঃ** চুক্তি স্বাক্ষর হওয়ার তারিখ হতে ২০ বছর পর্যন্ত বলবৎ থাকবে। ২০ বছর পর উভয় পক্ষের সম্মতিতে চুক্তি বর্ধিত হতে পারবে অথবা কোন এক পক্ষ চুক্তি বর্ধিতকরণে সম্মত না হলে স্থাপিত সকল মালামাল প্রথম পক্ষ নিজ দায়িত্বে চুক্তিতে উল্লেখিত সময়ে অপসারণ করবে এবং উক্ত মালামালে দ্বিতীয় পক্ষের কোন অংশিদারিত্ব থাকবে না।
- **বিরোধ নিস্পত্তিঃ**
  (১) যে কোন দুই পক্ষের মধ্যে চুক্তির বিষয়ে অথবা এর সাথে সর্ম্পকযুক্ত কোন বিষয় উদ্ভুত বিরোধ প্রথমে পারস্পরিক আলাপ আলোচনার মাধ্যমে দ্রুততার সাথে ন্যায়সঙ্গত ভাবে, সরল বিশ্বাসে নিস্পত্তি করার চেষ্টা করতে হবে।
  (২) এ ধরনের বিরোধের সূত্রপাত হওয়ার ৬০(ষাট) দিনের মধ্যে অথবা পারস্পরিক সম্মতির মাধ্যমে সম্প্রসারিত সময়ের মধ্যে আলোচনার মাধ্যমে উভয় পক্ষেরর মধ্যকার বিরোধ নিস্পন্ন করা না গেলে, প্রথম ও দ্বিতীয় পক্ষের বিদ্যুৎ শক্তি প্রেরনের বিলিং অথবা বিলিং এর পরিমাণ সংক্রান্ত বিরোধ বিদ্যুৎ বিভাগ/প্রেডা কর্তৃক নিস্পন্ন করা হবে।
- **চুক্তির অবসানঃ**
  (১) চুক্তি মেয়াদের মধ্যে কোন কারণে সিস্টেম ব্যবহার নির্বাচিত প্রতিষ্ঠান অসম্মতি প্রকাশ করলে চুক্তির শর্ত মোতাবেক অর্থ ক্ষতিপূরণ হিসাবে নির্বাচিত প্রতিষ্ঠান চট্টগ্রাম পবিস-১ কে দিতে বাধ্য থাকিবেন।
  (২) এছাড়াও সকল পক্ষ পারস্পরিক আলাপ-আলোচনার মাধ্যমে সকলের স্বার্থ সমুন্নত রেখে চুক্তির অবসান করতে পারবেন।

বি:দ্র: এবিষয়ে বিস্তারিত জানার জন্য ওয়েবসাইট (pbs1.chittagong.gov.bd) ভিজিট এবং এজিএম (সদস্য সেবা), মোবাইল নং- ০১৭৬৯৪০৭৫৭৭ এর সাথে যোগাযোগ করতে পারবেন।

অনুরোধক্রমে
কর্তৃপক্ষ
চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১